# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৫৭

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - অতিথি আপ্যায়ন প্রসঙ্গে

আরবী

وَعَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كُلُوا جَمِيعًا وَلَا تَفَرَّقُوا فَإِنَّ الْبَرَكَةَ مَعَ الجماعةِ» . رَوَاهُ ابْنُ مَاجَهْ

বাংলা

৪২৫৭-[১৫] ’উমার ইবনুল খত্ত্বাব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা একত্রে খাবার খাও, পৃথক পৃথক খেয়ো না। কেননা জামা’আতের সাথে খাওয়ার মধ্যে বারাকাত হয়ে থাকে। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : ইবনু মাজাহ ৩২৮৭, য‘ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১২৯১, আল জামি‘উস্ সগীর ৮৬২৯, ৮৬৩০।

হাদীসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করছেন। আত্ তালীকুর্ রাগীব ৩/১২১, সহীহাহ্ ২৬৯১। তাহক্বীক আলবানী : খুবই দুর্বল, তবে প্রথম বাক্যটি প্রমাণিত। য‘ঈফ হওয়ার কারণ : ১. উক্ত হাদীসের রাবী সা‘ঈদ ইবনু যায়দ সম্পর্কে আবূ বকর আল বাযযার বলেন, তিনি যাচাই-বাছাই ছাড়া হাদীস গ্রহণ করেন ও তা বর্ণনা করেন। আবূ বকর আল বায়হাক্বী বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে নির্ভরযোগ্য নয়। আবূ হাতিম আর্ রাযী বলেনঃ তিনি নির্ভরযোগ্য নয়। আবূ হাতিম ইবনু হিব্বান বলেনঃ তিনি সত্যবাদী ও হাফিয, তবে হাদীস বর্ণনায় সন্দেহ ও ভুল বলেন। আহমাদ ইবনু শু‘আয়ব আন্ নাসায়ী বলেনঃ তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল ‘আস্কালানী বলেনঃ তিনি সত্যবাদী তবে হাদীস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামাল- রাবী নং ২২৭৬, ১০/৪৪১ নং পৃষ্ঠা)। ২.‘আমর ইবনু দীনার নামের বর্ণনাকারী সম্পর্কে আবূ আহমাদ আল হাকীম বলেনঃ তিনি আহলে ‘ইল্মদের নিকট নির্ভরযোগ্য নয়। আবূ হাকিম আর্ রাযী বলেনঃ তিনি দুর্বল। ইমাম তিরমিযী বলেনঃ তিনি হাদীস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। আহমাদ ইবনু হাম্বাল বলেনঃ তিনি দুর্বল ও মুনকার। ইমাম বুখারী বলেনঃ তার ব্যাপারে সমালোচনা রয়েছে। তার হাদীসের অনুসরণ করা যাবে না। মুহাম্মাদ ইবনু ‘আম্মার বলেনঃ তিনি দুর্বল। তাহযীবুল কামাল- ‘রাবী নং ৪৩৬১, ২২/১৩ পৃষ্ঠা।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হাদীসটি হতে বুঝা যায়, স্বামী-স্ত্রী, সন্তানাদি পৃথক পৃথক না খেয়ে একত্রে বসে খাওয়াটা জরুরী। এতে বারাকাত হয়। যদি খাবার একটু কম হয় তবুও সবাই খেতে পারে আবার কখনও যদি খাবার একটু বেশি তৈরি হয় তবুও তা সবাই মিলে শেষ করতে পারে, খাবার নষ্ট হয় না। বর্তমানে অনুষ্ঠানের নামে বেগানা নারী-পুরুষ মিলে একত্রে বসে খাওয়ার যে প্রচলন শুরু হয়েছে তা হারাম। এ থেকে অবশ্যই দূরে থাকতে হবে। [সম্পাদক]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74980

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন